সংবাদ

তারিখ ... 19 AUG 2007
পৃষ্ঠা ১০ কলাম ৩

# বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের কর্মচারীদের চাকরিবিধি দাবি

নিজস্ব বার্তা পরিবেশক

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের দু'লাখ কর্মচারীর চাকরিবিধি দেয়ার দাবি জানিয়েছেন বাংলাদেশ শিক্ষা প্রতিষ্ঠান কর্মচারী ফেডারেশনের মহাসচিব এম. আরজু। সম্প্রতি তিনি এক বিবৃতিতে বলেছেন, কর্মচারীদের কোন চাকরিবিধি না থাকায় কর্তৃপক্ষের মৌখিক নির্দেশে যখন তখন তাদের চাকরি চলে যায়। চাকরিবিধি দিতে সরকার ১৩ বছর আগে সিদ্ধান্ত নিলেও অদ্যাবধি তা বাস্তবায়ন করেনি। স্বাধীনতার ৩৬ বছর পর সব সরকারের আমল থেকেই এরা অবহেলিত হয়ে আসছে।

তিনি আরও বলেন, ১৯৯২ সালে ২৬ হাজার শিক্ষা প্রতিষ্ঠানের প্রায় দু'লাখ তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীর চাকরিবিধি ১৫ দিনের মধ্যে বাস্তবায়নের জন্য সাবেক শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার ৫৬৫নং স্মারকে লিখিত নির্দেশ দিলেও অদ্যাবধি তা বাস্তবায়িত হয়নি। এর ফলে এখনও এসব কর্মচারীর চাকরি কর্তৃপক্ষের মৌখিক নির্দেশে চলে যায়।

তিনি বলেন, চাকরিবিধি না থাকায় চাকরিচ্যুত কর্মচারীরা লেবার কোর্টের কোন আইনগত সহযোগিতা পায় না বা আদালতের আশ্রয় নিতে পারে না। বিষয়টি মানবিক দৃষ্টিভঙ্গিতে বিচার করে অবিলম্বে সরকার গৃহীত ১৩ বছর আগের সিদ্ধান্তটি বাস্তবায়নের জোর দাবি জানান তিনি।